

Q. Write a short note on the significance of the reforms of 1919 (Montagu-Chelmsford) as evaluated by different historians.

১৯১৯ সালের সংস্কারবিধির তাৎপর্য বিভিন্ন ঐতিহাসিক বিভিন্নভাবে নির্ণয় করেছেন। একদিকে ফিলিপ উডস (*The Montagu-Chelmsford Reforms(1919) : A re-assessment. South Asia 17.1*) মনে করেন মন্টেগু-চেমসফোর্ড সংস্কার বিধির রচনার পিছনে যেসব ধারণা কাজ করেছিল, সেগুলি ভারতবর্ষে সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল, এবং অনুপনিবেশায়নের ক্ষেত্রেও ছিল তাৎপর্যপূর্ণ। অন্যদিকে কার্ল ব্রীজের (*Holding India to the Empire : The British Conservative Party and the 1935 Constitution*) মতে উক্ত সংস্কার বিধির উদ্দেশ্য ছিল ভারতবর্ষে ব্রিটিশের অবস্থানকে সুরক্ষিত রাখা। আবার টমলিনসন (*The Indian National Congress and the Raj, 1929-1942 : The Penultimate Phase.*) মনে করেন ব্রিটিশ রাজের সমর্থনে ভারতীয় জনমতের একটি প্রভাবশালী অংশকে টেনে আনার উদ্যোগ নেওয়া হয় ঐ সংস্কার বিধির মাধ্যমে। পিটার রব (*The Government of India and Reform : Policies toward Politics and the Constitution, 1916-1921*) বলেছেন যে এই সংস্কারের বড় সমস্যা এই ছিল যে এটি ব্রিটিশের উপস্থিতি চলতে থাকার ধারণার দ্বারা সীমায়িত ছিল।